

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاءُ

আয়াতঃ ২৬ : ১৩

আরবি মূল আয়াত:

وَيَضِيقُ صَدْرِي وَ لَا يَنْطَلِقُ لِسَانِي فَأَرْسِلْ إِلَى هَارُونَ ﴿١٣﴾

অনুবাদসমূহ:

‘আর আমার বক্ষ সংকুচিত হয়ে যাচ্ছে। আমার জিহবা চলছে না। সুতরাং আপনি হারুনের প্রতি ওহী পাঠান’। — আল-বায়ান

আর আমার অন্তর সংকুচিত হয়ে যাচ্ছে, আমার জিহ্বা সাবলীলভাবে কথা বলতে পারে না। কাজেই আপনি হারুনের প্রতি রিসালাত দিন। — তাইসিরুল

এবং আমার হৃদয় সংকুচিত হয়ে পড়ছে, আর আমার জিহ্বাতো সাবলীল নয়, সুতরাং হারুনের প্রতিও প্রত্যাদেশ পাঠান। — মুজিবুর রহমান

And that my breast will tighten and my tongue will not be fluent, so send for Aaron. — Sahih International

১৩. এবং আমার বক্ষ সংকুচিত হয়ে পড়ছে, আর আমার জিহ্বা তো সাবলীল নেই। কাজেই হারুনের প্রতিও ওহী পাঠান।

তাকসীরে জাকারিয়া

(১৩) এবং আমার হৃদয় সংকুচিত হয়ে পড়ছে,[1] আমার জিহ্বা অচল হয়ে যাচ্ছে।[2] সুতরাং হারুনের প্রতিও (প্রত্যাদেশ) পাঠাও। [3]

[1] এই ভয়ে যে, ওরা বড় উদ্ধত, ওরা আমাকে মিথ্যাবাদী মনে করবে। এখান হতে বোঝা গেল যে, নবীগণও প্রকৃতিগত ভয়ে ভীত হতে পারেন।

[2] এখানে এই ইঙ্গিত করা হয়েছে যে, মূসা (আঃ) বাকপটু ছিলেন না। অথবা এই যে, মুখে আগুনের আঙ্গার ভরে নেওয়ার জন্য তিনি তোতলা হয়ে গিয়েছিলেন; যেমন মুফাসসিরগণ বর্ণনা করে থাকেন।

[3] অর্থাৎ, জিবরীল (আঃ)-কে তার নিকট অহী দিয়ে পাঠান এবং তাকেও অহী ও নবুঅত দিয়ে আমার সহকারী বানান।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2945>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন